**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৬৬/২০১৭**

**ঢাকা, মঙ্গলবার ৪ এপ্রিল ২০১৭, ২১ চৈত্র ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জনস্বার্থে শর্ত সাপেক্ষে মসজিদ, মন্দির ও গির্জার জমি অধিগ্রহণ করা যাবে
: মন্ত্রিসভার বৈঠকে আইনের খসড়া অনুমোদন

২। ঢাকা-খুলনা-কলকাতা রুটে বাস সার্ভিস চালু হচ্ছে
: মন্ত্রিসভার বৈঠকে চুক্তির খসড়া অনুমোদন

৩। পাহাড়ে লিজের পরিবর্তে স্থায়ীভাবে মালিকানা দেওয়ার উদ্যোগ

৪। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে শান্তিতে নোবেল বিজয়ী ভারতের
শিশু অধিকার কর্মী কৈলাস সত্যার্থীর সাক্ষাৎ

৫। ফিলিস্তিনিদের প্রতি এদেশের জনগণের হৃদয়ে বিশেষ স্থান রয়েছে : প্রধানমন্ত্রী

৬। দক্ষিণ এশিয়ার পরিবহণ ব্যবস্থার কেন্দ্র হতে পারে বাংলাদেশ : অর্থমন্ত্রী

৭। পহেলা বৈশাখে ৫টার পর উন্মুক্ত স্থানে অনুষ্ঠান নয় : স্বরাষ্ট্রমন্ত্রী

৮। সরকার দেশে সমন্বিত পুষ্টি আন্দোলন গড়ে তোলার উদ্যোগ নিয়েছে : স্বাস্থ্যমন্ত্রী

৯। পর্যটন খাতকে গুরুত্ব দিচ্ছে সরকার : বেসামরিক বিমান চলাচল ও পর্যটনমন্ত্রী

১০। কক্সবাজারে আন্তর্জাতিক পরমাণু সংস্থার আঞ্চলিক প্রতিনিধি সম্মেলন শুরু

১১। ২৮ টি কোম্পানির ওষুধ উৎপাদন বন্ধের নির্দেশ বহাল রেখেছে হাইকোর্ট

১২। ক্ষুদ্র নারী উদ্যোক্তাদের জন্য ৯ শতাংশ সুদে ঋণ : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন

চলমান পাতা-২

**১। জনস্বার্থে শর্ত সাপেক্ষে মসজিদ, মন্দির ও গির্জার জমি অধিগ্রহণ করা যাবে**
**: মন্ত্রিসভার বৈঠকে আইনের খসড়া অনুমোদন**

সরকার জনস্বার্থে মসজিদ, মন্দির, গির্জা, কবরস্থান ও শ্মশান হিসেবে ব্যবহৃত জমি অধিগ্রহণ করতে পারবে। তবে এ ক্ষেত্রে ওই সব ধর্মীয় স্থাপনা স্থানান্তর করে পুনর্নির্মাণ করে দিতে হবে। 'স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন ২০১৭' এর চূড়ান্ত খসড়ায় এমন বিধান যুক্ত করা হয়েছে। এতে অন্যান্য স্থাবর সম্পত্তি অধিগ্রহণে ক্ষতিপূরণের পরিমাণ বাজারদরের তিন থেকে চার গুণ করা হয়েছে। গতকাল ৩ মার্চ সোমবার এই আইনের খসড়া অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এই অনুমোদন দেওয়া হয়। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম সভার সিদ্ধান্ত জানান। বৈঠকে জাতীয় চলচ্চিত্র নীতিমালা ২০১৭ এর খসড়ারও অনুমোদন দেওয়া হয়েছে। মন্ত্রিপরিষদ সচিব বলেন, মূলত সুস্থ চলচ্চিত্রে উৎসাহ দেওয়াই এই নীতিমালার উদ্দেশ্য। এই নীতিমালা অনুসারে, চলচ্চিত্রে ধর্ষণের দৃশ্য দেখানো যাবে না। এছাড়া প্রধানমন্ত্রীর কন্যা সায়মা ওয়াজেদ হোসেন বিশ্ব স্বাস্থ্য সংস্থার 'চ্যাম্পিয়ন ফর অটিজম ইন সাউথ ইস্ট এশিয়া রিজিয়ন' মনোনীত হওয়ায় মন্ত্রিসভা তাকে অভিনন্দন জানিয়েছে। সূত্র- **প্রথম আলো** (শেষ.পৃ,ক.২), **সমকাল** (পৃ.২,ক.৭), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১)।

**২। ঢাকা-খুলনা-কলকাতা রুটে বাস সার্ভিস চালু হচ্ছে : মন্ত্রিসভার বৈঠকে চুক্তির খসড়া অনুমোদন**

ঢাকা-খুলনা-কলকাতা রুটে চালু হচ্ছে নতুন বাস সার্ভিস। এজন্য ভারতের সঙ্গে স্বাক্ষরের জন্য একটি চুক্তির খসড়া অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল ৩ এপ্রিল সোমবার সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৩), **প্রথম আলো** (শেষ পৃ.,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.৭)।

**৩। পাহাড়ে লিজের পরিবর্তে স্থায়ীভাবে মালিকানা দেওয়ার উদ্যোগ**

তিন পার্বত্য জেলা রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ির পাহাড়িদের জমি স্বল্প সময়ের লিজের পরিবর্তে স্থায়ীভাবে মালিকানা দেওয়ার উদ্যোগ নিচ্ছে সরকার। এ ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ নিয়ে সবার সঙ্গে আলোচনার জন্য ভূমি মন্ত্রণালয়কে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে গতকাল ৩ এপ্রিল সোমবার প্রধানমন্ত্রী এ নির্দেশ দেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.১,ক.২)।

**৪। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে শান্তিতে নোবেল বিজয়ী ভারতের**
**শিশু অধিকার কর্মী কৈলাস সত্যার্থীর সাক্ষাৎ**

লিঙ্গীয় অসমতা দূর করে নারী ও শিশুদের উন্নয়নে পদক্ষেপের জন্য বাংলাদেশ সরকারের ভূয়সী প্রশংসা করেছেন শান্তিতে নোবেল বিজয়ী ভারতের শিশু অধিকার কর্মী কৈলাস সত্যার্থী। তিনি বলেন, আগে একটি ধারণা প্রচলিত ছিল, এনজিওগুলো শুধু শিক্ষা, নারীর ক্ষমতায়ন ও শিশুদের নিয়ে কাজ করে। কিন্তু বর্তমানে বাংলাদেশে এই ধারণা বদলেছে। তিনি গতকাল ৩ মার্চ সোমবার গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাতে এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.৪), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬)।

**৫। ফিলিস্তিনিদের প্রতি এদেশের জনগণের হৃদয়ে বিশেষ স্থান রয়েছে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ফিলিস্তিনি জনগণের জন্য বাংলাদেশের সরকার ও জনগণের হৃদয়ে সবসময়ই বিশেষ স্থান থাকার কথা পুনর্ব্যক্ত করেছেন। ১৩৬তম আইপিইউ অ্যাসেম্বলিতে যোগদানকারী ফিলিস্তিনের একটি প্রতিনিধি দল গতকাল ৩ এপ্রিল সোমবার প্রধানমন্ত্রীর সঙ্গে বঙ্গভবনে দেখা করতে গেলে তিনি এ কথা বলেন। প্রতিনিধি দলের নেতৃত্ব দেন ফিলিস্তিনের সাবেক প্রধানমন্ত্রী এবং প্রতিনিধি দলের প্রধান আজম এন এম আলাহমাদ। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৭), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬)।

**৬। দক্ষিণ এশিয়ার পরিবহণ ব্যবস্থার কেন্দ্র হতে পারে বাংলাদেশে : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, সমগ্র দক্ষিণ এশিয়ার পরিবহন ও ট্রান্সশিপমেন্ট হাব (কেন্দ্র) হিসেবে গড়ে ওঠার পূর্ণ সম্ভাবনা রয়েছে বাংলাদেশের। ভারত, মিয়ানমার, ভুটান, নেপাল ও চীনের কুনমিংয়ের সঙ্গে

ঘনিষ্ঠতা ও ভৌগোলিক অবস্থানের দরুন যোগাযোগের স্নায়ুকেন্দ্র হিসেবে বাংলাদেশের গড়ে ওঠার সম্ভাবনা প্রবল। এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের (এডিবি) সহায়তায় ভারতের রাজধানী নয়াদিল্লিতে



গতকাল ৩ মার্চ সোমবার দক্ষিণ এশিয়া উপ-আঞ্চলিক অর্থনৈতিক সহযোগিতার (সাসেক) সম্মেলনে এ কথা বলেন অর্থমন্ত্রী । সূত্র-**প্রথম আলো** (পৃ,১৬,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১)।

**৭। পহেলা বৈশাখে ৫টার পর উন্মুক্ত স্থানে অনুষ্ঠান নয় : স্বরাষ্ট্রমন্ত্রী**

নিরাপত্তার স্বার্থে পহেলা বৈশাখে উন্মুক্ত স্থানে সব ধরনের অনুষ্ঠান বিকাল ৫টার মধ্যে শেষ করতে হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী অসাদুজ্জমান খাঁন কামাল। তিনি বলেন, এই দিন মঙ্গল শোভাযাত্রা শুরু হওয়ার পর মাঝ থেকে কেউ ঢুকতে পারবেন না। প্ল্যাকার্ড হাতে রাখতে হবে। ভুবুজেলা, বাঁশি ব্যবহার সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে। কোনো ধরনের হামলার আশঙ্কা না থাকলেও নিরাপত্তার স্বার্থে এসব সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গতকাল ৩ এপ্রিল সোমবার সচিবালয়ে পহেলা বৈশাখ, ইসলামিক ফাউন্ডেশনের প্রতিষ্ঠাবার্ষিকী ও ইন্টার পার্লামেন্টারি ইউনিয়নের সম্মেলনের নিরাপত্তা নিয়ে অনুষ্ঠিত এক বৈঠক শেষে স্বরাষ্ট্রমন্ত্রী এ তথ্য জানান। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৩), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.২), **অবজারভার** (পৃ.৩,ক.২)।

**৮। সরকার দেশে সমন্বিত পুষ্টি আন্দোলন গড়ে তোলার উদ্যোগ নিয়েছে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, সরকার দেশে বহুমুখী ও সমন্বিত পুষ্টি আন্দোলন গড়ে তোলার উদ্যোগ নিয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা জনগণের পুষ্টিমান উন্নয়নে অঙ্গীকারবদ্ধ। সরকারের উদ্যোগের সফল বাস্তবায়নের লক্ষ্যে জাতিসংঘসহ সকল সহযোগী সংস্থার অব্যাহত সহায়তা কামনা করেন স্বাস্থ্যমন্ত্রী। গতকাল ৩ এপ্রিল সোমবার স্কেলিং আপ নিউট্রিশন (সান) নেটওয়ার্ক সভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ সহায়তা কামনা করেন। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় হোটেল সোনারগাঁওয়ের সুরমা হলে এ অনুষ্ঠানের আয়োজন করে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮)।

**৯। দেশের পর্যটন খাতকে গুরুত্ব দিচ্ছে সরকার : বেসামরিক বিমান চলাচল ও পর্যটনমন্ত্রী**

দেশের পর্যটন খাতকে গুরুত্ব দিচ্ছে সরকার। দেশে-বিদেশে বিশেষ কার্যক্রম গ্রহণ করে বিদেশি পর্যটকদের ভ্রমণকে আনন্দময় ও নিরাপদ করার জন্য সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। গত ২ এপ্রিল রোববার ইতালির মিলানে বরসা ইন্টারন্যাশনাল ট্যুরিজম ফেয়ারে এক অনুষ্ঠানে এসব কথা বলেন বেসামরিক বিমান চলাচল ও পর্যটনমন্ত্রী রাশেদ খান মেনন। এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায় মন্ত্রণালয়। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.১), **ভোরের কাগজ** (পৃ.৯,ক.১)।

**১০। কক্সবাজারে আন্তর্জাতিক পরমাণু সংস্থার আঞ্চলিক প্রতিনিধি সম্মেলন শুরু**

আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থা (আইএইএ) এর অধীন পরমাণু শক্তি ও প্রযুক্তির গবেষণা, উন্নয়ন এবং প্রশিক্ষণ বিষয়ক এশিয়া ও প্যাসিফিক অঞ্চলের সংস্থা রিজিওনাল কো-অপারেটিভ এগ্রিমেন্ট (আরসিএ) এর ৩৯তম জাতীয় প্রতিনিধি সম্মেলন গতকাল ৩ এপ্রিল সোমবার কক্সবাজারে শুরু হয়েছে। বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান সম্মেলনের উদ্বোধন করেন। ইনানীর রয়্যাল টিওলিপ সি পার্ল বিচ রিসোর্টে চার দিনব্যাপী এ সম্মেলনে অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, চীন, জাপান, মালয়েশিয়া, কোরিয়া, ভারত, বাংলাদেশ, পাকিস্তানসহ মোট বিশ্বের ২২টি দেশের প্রায় ৪০ জন প্রতিনিধি অংশগ্রহণ করছেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২)।

**১১। ২৮ টি কোম্পানির ওষুধ উৎপাদন বন্ধের নির্দেশ বহাল রেখেছে হাইকোর্ট**

২৮টি ওষুধ কোম্পানির অ্যান্টিবায়োটিক (পেনসিলিন ও সেফালোস্পোরিন) স্টেরাইড ও ক্যান্সার প্রতিরোধক ওষুধের উৎপাদন ও বিপণন বন্ধের নির্দেশ বহাল রেখেছে হাইকোর্ট। এ বিষয়ে জারি করা রুল মঞ্জুর করে গতকাল ৩ এপ্রিল সোমবার বিচারপতি সৈয়দ মোহাম্মদ দস্তগীর হোসেন ও বিচারপতি মো. আতাউর রহমান খানের

হাইকোর্ট বেঞ্চ এ নির্দেশ দেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৮)।

**১২। ক্ষুদ্র নারী উদ্যোক্তাদের জন্য ৯ শতাংশ সুদে ঋণ : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন**

কুটির, মাইক্রো ও ক্ষুদ্র খাতের নারী উদ্যোক্তাদের জন্য প্রদত্ত পুনঃঅর্থায়ন তহবিলের ঋণের সুদ হার কমিয়ে সর্বোচ্চ ৯ শতাংশ নির্ধারণ করেছে বাংলাদেশ ব্যাংক। এতদিন এই সুদের হার ছিল ১০ শতাংশ। গতকাল ৩ এপ্রিল সোমবার এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করেছে বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রাম্স বিভাগ। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৭)।

## সম্পাদকীয়

ক. **জনকণ্ঠ :** পোশাক শিল্পের উন্নয়নে রপ্তানির ক্ষেত্রে এশিয়ার বাজারে ঢোকার সর্বাত্মক চেষ্টা করার ওপর গুরুত্বারোপ।

খ. **প্রথম আলো, সমকাল :** বাংলাদেশে প্রবাসী আয় আগের বছরের একই সময়কালের চেয়ে **১৭** শতাংশ কমেছে এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে সরকারের নীতিনির্ধারকদের এ বিষয়ে গভীর ও দূরদর্শী পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

গ. **সমকাল, ইনকিলাব :** বন্যার জন্য হাওরাঞ্চলে আগাম সতর্কতা নিয়ে বাঁধ নির্মাণ, সংস্কার ও মেরামতের কাজে স্থানীয় নাগরিকদের সম্পৃক্ত করার আহ্বান।

ঘ. **যুগান্তর :** রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলোর পরিচালকদের ক্ষমতার অপব্যবহার, দুর্নীতি ও স্বজনপ্রীতি রোধ করে ব্যাংকিং খাতে অবিলম্বে শৃঙ্খলা প্রতিষ্ঠা করার সুপারিশ।

ঙ. **ভোরের কাগজ :** শিশু অপহরণ বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

চ. **ডেইলি সান :** প্রতিবন্ধীদের কর্মসংস্থানের ব্যবস্থা করতে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার সুপারিশ।

ছ. **ডেইলি স্টার :** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিকেল বিশ্ববিদ্যালয়ে কোনো জরুরি বিভাগ না থাকায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা নিতে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত কলামে বাংলাদেশকে একটি সমৃদ্ধ রাষ্ট্র হিসেবে গড়ে তোলার দায়িত্ব বাংলাদেশের জনগণেরই বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'খুঁজে বের করা দরকার জঙ্গিদের অর্থের জোগানদাতাদের'** শিরোনামের নিবন্ধে সীমান্ত প্রধান জঙ্গিদের সমূলে উৎপাটন করতে না পারলে জঙ্গিবিরোধী যত তৎপরতাই হোক না কেন, নির্মূল কখনোই হবে না বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা